

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী


সভাপতি	মোঃ খালিলুর রহমান বিভাগীয় কমিশনার, সিলেট।
সভার তারিখ	২৭ সেপ্টেম্বর ২০২১
সভার সময়	সকাল ১০:৩০ টা
স্থান	বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর ২য় তলার সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' সদয় দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হলে তা সংশোধনী ব্যতীত অনুমোদিত হয়। সভায় অতঃপর নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনায় ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১. নৈতিকতা কমিটির সভা: সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্ত মতে বিভাগীয় নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হচ্ছে এবং সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিতকরণ এ সভার মাধ্যমে তদারকি করা হচ্ছে। সভা অনুষ্ঠান ও সিদ্ধান্ত বাস্তবায়ন অব্যাহত প্রক্রিয়া মর্মে সভায় জানানো হয়।	১.১ নৈতিকতা কমিটির সভা নিয়মিতভাবে আয়োজন এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	১. সহকারী কমিশনার, সংস্থাপন শাখা
০২. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক প্রতিবেদন: সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্ত মতে এ কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২০২০-২১ অর্থবছরের ১ম, ২য়, ৩য় ও ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণসহ ওয়েব পোর্টালে আপলোড করা হয়েছে। অক্টোবর মাসে ২০২১-২২ অর্থবছরের ১ম ত্রৈমাসিকের প্রতিবেদন দাখিল করতে হবে।	২.১ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক প্রতিবেদনসমূহ যথাসময়ে প্রেরণ করতে হবে এবং ওয়েব পোর্টালে আপলোড নিশ্চিত করতে হবে।	১. সহকারী কমিশনার, সংস্থাপন শাখা
০৩. শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ: সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্তমতে বিভাগীয় কমিশনারের কার্যালয়ের শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদ করা হয়েছে। প্রতি ত্রৈমাসিকে বিষয়টি যাচাই করে হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	৩.১ শুদ্ধাচার সেবাবক্স নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে। প্রতি ত্রৈমাসিক ন্যূনতম একবার হালনাগাদ নিশ্চিত করতে হবে।	১. সহকারী কমিশনার, আইসিটি সেল ২. সহকারী কমিশনার, সংস্থাপন শাখা

<p>০৪. কর্মপরিবেশ উন্নয়ন: গত সভার সিদ্ধান্তমতে ইতোমধ্যে পুরাতন মালামাল বিক্রি কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। “অফিস নির্দেশিকা” প্রণয়নের বিষয় আলোচিত হয়। সভায় জানানো হয় যে এ বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সভায় জানানো হয় যে কর্মপরিবেশ উন্নয়নের জন্য প্রতি শাখার জন্য গুগল ক্যালেন্ডার ব্যবহারের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে সংস্থাপন এবং আইসিটি শাখায় তা বাস্তবায়ন করা হয়েছে।</p>	<p>৪.১ “অফিস নির্দেশিকা” প্রণয়ন ও স্থাপন করতে হবে।</p>	<p>১. সহকারী কমিশনার, নেজারত শাখা ২. সহকারী কমিশনার, সংস্থাপন/সাধারণ-১/ সাধারণ-২/ রাজস্ব/ স্থানীয় সরকার শাখা ৩. কমিশনারের একান্ত সচিব, সিলেট বিভাগ, সিলেট</p>
---	---	--

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ খলিলুর রহমান
বিভাগীয় কমিশনার, সিলেট।

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৪.০৬.০১১.২১.৯৭৩

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৮

০৩ অক্টোবর ২০২১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), সিলেট বিভাগ, সিলেট।
- ৪) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), সিলেট বিভাগ, সিলেট।
- ৫) পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
- ৬) সহকারী কমিশনার, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট (এ কার্যালয়ের ওয়েব পোর্টালের শুদ্ধাচার সেবাবক্সে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৭) সহকারী কমিশনার, রাজস্ব শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
- ৮) সহকারী কমিশনার, সাধারণ শাখা-১, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
- ৯) সহকারী কমিশনার, সাধারণ শাখা-২, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
- ১০) কমিশনারের একান্ত সচিব, সিলেট বিভাগ, সিলেট (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১) সহকারী কমিশনার, নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
- ১২) সহকারী কমিশনার, স্থানীয় সরকার শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।



নাসরিন চৌধুরী
সহকারী কমিশনার